গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

বিষয়: ০১.০৩.২০২০ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : মোহাম্মদ আবদুল হাই পিএএ
উপ-সচিব, পরিচালক(শিক্ষা) ও মহাপরিচালক(ভারপ্রাপ্ত),
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
স্থান : নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ০১.০৩.২০২০ তারিখ বেলা ৩.০০ ঘটিকা।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভার গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

ক্র: নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	০২	০৩	০৪	০৫
১.	পিএমআইএস শাখা যুগোপযোগী ও আধুনিকিকরণ	পিএমআইএস শাখা অত্যাধুনিকভাবে সাজানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। ১লা এপ্রিল ২০২০ তারিখে মাননীয় মন্ত্রী পিএমআইএস শাখা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন মর্মে সভাপতি সকলকে অবহিত করেন।	১লা এপ্রিল ২০২০ তারিখের মধ্যে পিএমআইএস হালনাগাদ করার কাজ সম্পন্ন করতে হবে।	ক) উপ-পরিচালক (পিএমআইএস)
২.	সাংগঠনিক কাঠামো চূড়ান্তকরণ	সাংগঠনিক কাঠামো দ্রুততম সময়ের মধ্যে চূড়ান্তকরণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। পর্যায়ক্রমে ডিজিএনএম অফিস, নার্সিং কলেজ ও নার্সিং ইনস্টিটিউটসমূহের সাংগঠনিক কাঠামো চূড়ান্তকরণের বিষয় আলোচনা হয়।	সাংগঠনিক কাঠামো চূড়ান্তকরণের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো। ক) পরিচালক (শিক্ষা)- আহ্বায়ক খ) উপ-পরিচালক (প্রশাসন)- সদস্য গ) সহকারী পরিচালক (মিডওয়াইফারি) - সদস্য ঘ) আব্বাস উদ্দিন (নার্সিং অফিসার) - সদস্য ঙ) আব্দুল লতিফ (নার্সিং অফিসার) - সদস্য চ) মাসুদ পারভেজ (নার্সিং অফিসার) - সদস্য ছ) শাহনাজ পারভীন (নার্সিং অফিসার)- সদস্য জ) গোলাম কিবরিয়া- সদস্য সচিব	পরিচালক (প্রশাসন) /(শিক্ষা)
৩.	সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বদলী নীতিমালা চূড়ান্তকরণ	এ অধিদপ্তরের ৩০/১২/২০১৯ তারিখের ৪৫.০৩.০০০০.০০৫.০০১.২৩.০০১.১৮-১৫৩ নং স্মারকে সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বদলী নীতিমালা করা হয়েছে। উক্ত নীতিমালা সংশোধনপূর্বক চূড়ান্তকরণের জন্য সভায় আলোচনা করা হয়।	সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বদলী নীতিমালা চূড়ান্তকরণের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো: ক) পরিচালক (প্রশাসন)- আহ্বায়ক খ) উপ-পরিচালক (প্রশাসন)- সদস্য গ) উপ-পরিচালক (পিএমআইএস)- সদস্য ঘ) উপ-পরিচালক (অর্থ)- সদস্য ঙ) সহকারী পরিচালক (শৃংখলা)- সদস্য চ) প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন)- সদস্য সচিব	১। পরিচালক (প্রশাসন) ২। উপ-পরিচালক (পি এম আই এস) ৩। উপ-পরিচালক (শৃংখলা)
৪.	২৫৫০ জন সিনিয়র স্টাফ নার্স নিয়োগের মামলা সংক্রান্ত	জনাবা এস এম মরিয়ম সিদ্দিকা, পিতা: এস এম রমজান আলী সিদ্দিকা, গ্রাম: আরড়া, পো: সলিল আরড়া, থানা: নাগরপুর, জেলা: টাংগাইল গং কর্তৃক "সেবা পরিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০১৬" সংক্রান্ত বিষয়ে স্বাস্থ্য সচিবসহ অন্যান্যদের বিবাদী করে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ৬০২৭/২০১৯ নং রীট মামলা দায়ের করা হয়েছে। উক্ত রীট পিটিশন মামলাটি	রীট পিটিশন নম্বর ৬০২৭/২০১৯ মামলাটির বর্তমান অবস্থা সর্ম্পকে মন্ত্রণালয় হতে জেনে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো: ক) উপ-পরিচালক (প্রশাসন)- আহ্বায়ক খ) উপ-পরিচালক (শৃঙ্খলা)- সদস্য গ) হারুন অর রশিদ (নার্সিং অফিসার)- সদস্য ঘ) প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন)- সদস্য সচিব	

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
	০২	০৩	০৪	০৫
		নিস্পত্তি করার জন্য মহামান্য আদালতের রায়ের সার্টিফাইড কপি বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ে প্রেরণের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।		
৫.	২৪১ জন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ কার্যক্রম	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ২৬.০৯.২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে ৪৫.১৫৮.০৬৯.০০.০০.০৪৯.২০১১-৩১৮ নং স্মারকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানের ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদ পূরণের লক্ষ্যে ৩য় শ্রেণীর ৫৯ টি এবং ৪র্থ শ্রেণীর ১৮২ টি পদে সর্বমোট ২৪১ টি পদের ছাড়পত্র প্রদান করা হয়। ছাড়পত্র প্রাপ্তির পরে দৈনিক যুগান্তর ও দৈনিক সমকাল পত্রিকার মাধ্যমে গত ২২ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী গত ১৫/১২/২০১৯ তারিখ আবেদনপত্র জমা দানের শেষ তারিখ ছিল। অনলাইনে আবেদন গ্রহণ শেষে ৩১,৭৬,০৫০/- (একত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার পঞ্চাশ টাকা) মাত্র চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ৪৭,৩৩৯ (সাতচল্লিশ হাজার তিনশত উনচল্লিশ) টি আবেদনপত্র অনলাইনের মাধ্যমে গৃহীত হয়েছে।	২৪১ জন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগের কমপরিকল্পনা/পরবর্তী কার্যক্রম গ্রহণের প্রতিবেদন তিন কর্মদিবসের মধ্যে দাখিল করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৬.	মহাখালীস্থ নতুন ভবনে অধিদপ্তর স্থানান্তর	মহাখালীস্থ নতুন ভবনে অধিদপ্তর স্থানান্তর কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য সভায় আলোচনা করা হয়।	মহাখালীস্থ নতুন ভবনে অধিদপ্তর স্থানান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়। ক) পরিচালক(শিক্ষা)- আহ্বায়ক খ) পরিচালক(প্রশাসন)- সদস্য গ) উপ-পরিচালক(প্রশাসন)- সদস্য ঘ) শাহানারা খাতুন উপ-পরিচালক(শিক্ষা)-সদস্য ঙ) নাসরিন খানম(অর্থ)-সদস্য চ) আব্দুল লতিফ, নার্সিং অফিসার-সদস্য ছ) খাইরুল কবির (কোঅর্ডিনেটর)- সদস্য সচিব	১। পরিচালক (শিক্ষা) ২। কোঅর্ডিনেটর, ডিজিএনএম
৭.	সেবা মহাবিদ্যালয়ে নার্সিং ডরমেটরি ব্যবহার	বিভিন্ন প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থী (নার্স) এবং দাপ্তরিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য দূর-দূরান্ত হতে আগত নার্সিং অফিসারগণের নিরাপদে অবস্থানের জন্য ১০০ টি সিট সংরক্ষণের বিষয়ে আলোচনা করা হয়।	বিভিন্ন প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থী (নার্স) এবং দাপ্তরিক কার্যক্রমে অংশগ্রহনের জন্য দূর-দূরান্ত হতে আগত নার্সিং অফিসারগণের নিরাপদে অবস্থানের জন্য ১০০ টি সিট সংরক্ষণ করতে হবে।	পরিচালক (শিক্ষা)
৮.	নিয়েনার (National Institute of Advanced Nursing Education and Research) এ ১০% কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণ	নিয়েনার (National Institute of Advanced Nursing Education and Research) এ ১০% কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণের বিষয়ে আলোচনা করা হয়।	নিয়েনার (National Institute of Advanced Nursing Education and Research) এ ১০% কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণের বিষয়ে নিম্নোক্ত কমিটি গঠন করা হয়: ক) পরিচালক (শিক্ষা)- আহ্বায়ক খ) খোরশেদ আলম (নার্সিং অফিসার)- সদস্য গ) শাহানারা খাতুন, উপ-পরিচালক(শিক্ষা)- সদস্য ঘ) ফিরোজা বেগম, উপ-পরিচালক (প্রশাসন) -সদস্য ঙ) প্রশাসনিক কর্মকর্তা (শিক্ষা)- সদস্য সচিব	পরিচালক (শিক্ষা) আব্বাস উদ্দীন (নার্সিং অফিসার) প্রশাসনিক কর্মকর্তা (শিক্ষা)
৯.	নার্সিং ছাত্র-ছাত্রী ভাতা ও অতিথি বক্তাগণের ভাতা	নার্সিং ছাত্র-ছাত্রী ভাতা বৃদ্ধি ও অতিথি বক্তাগণের ভাতা টাকা ৫০০/- হতে টাকা ১০০০/- বৃদ্ধিকরণের বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বর্ণিত বিষয়ে পরবর্তি কার্যক্রম	নার্সিং ছাত্র-ছাত্রী ও অতিথি বক্তাগণের ভাতা বৃদ্ধির বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক নিম্নোক্ত কমিটিকে তিন কর্মদিবসের মধ্যে প্রশাসন শাখায় অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।	পরিচালক (শিক্ষা) আ: লতিফ নার্সিং অফিসার

	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
	০২	০৩	০৪	০৫
		গ্রহনের নিমিত্ত সভায় আলোচনা করাহয়।	ক) উপ-পরিচালক (শিক্ষা)- আহ্বায়ক খ) মোক্তার হোসেন- সদস্য গ) খোরশদ আলম - সদস্য সচিব	
১০.	সকল বিভাগীয় হাসপাতাল ও জেলা হাসপাতালগুলিতে নার্সিং কর্ণার স্থাপন	সকল বিভাগীয় হাসপাতাল ও জেলা হাসপাতালগুলিতে নার্সিং কর্ণার স্থাপনের জায়গা নির্ধারণ করার বিষয়ে আলোচনা করা হয়।	সকল বিভাগীয় হাসপাতাল ও জেলা হাসপাতালগুলিতে নার্সিং কর্ণার স্থাপনের জায়গা নির্ধারণের জন্য মহাপরিচালক স্বাস্থ্যকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) আ: লতিফ নার্সিং অফিসার
১১.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের বিষয়ে একটি কমিটি গঠনপূর্বক প্রতিমাসে সভা করার জন্য আলোচনা করা হয়।	প্রতিমাসে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে সভা করতে হবে এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্তে নিম্নোক্ত কমিটি গঠন করা হয়: ক) আব্দুল লতিফ, নার্সিং অফিসার - আহ্বায়ক খ) খাইরুল কবির, কো-অর্ডিনেটর -সদস্য গ) খোরশেদ আলাম, নার্সিং অফিসার- সদস্য ঘ) প্রশাসনিক কর্মকর্তা (প্রশা)- সদস্য সচিব	১। আব্দুল লতিফ, নার্সিং অফিসার ২। প্রশাসনিক কর্মকর্তা (প্রশা)

বিবিধ-

১) পরবর্তী সভা থেকে প্রত্যেক শাখাকে নিষ্পন্ন এবং অনিষ্পন্ন বিষয়সমূহের তালিকা সভায় উপস্থাপন করতে হবে।

২) স্বাস্থ্য মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

৩) বিনষ্টযোগ্য নথির তালিকা সংশ্লিষ্ট কমিটি পরবর্তী সভায় উপস্থাপন করবে।

৪) সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসরনে রুটিনমাফিক কর্মকর্তাগণ স্ব-স্ব শাখা পরিদর্শন করবে। শাখা পরিদর্শনের প্রতিবেদন মহাপরিচালক মহোদয়কে অবগতপূর্বক সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।

৫) এপিএ এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে অগ্রগতি প্রতিবেদন এবং লক্ষ্যমাত্রা অর্জনের প্রতিবন্ধকতা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।

৬) পিএমআইএস শাখাকে এ অধিদপ্তরের জন্য গ্রুপমেইল তৈরি করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৭/২০২০

মোহাম্মদ আবদুল হাই পিএএ
(উপ-সচিব)
পরিচালক (শিক্ষা)
ও
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
E-mail: hye22bcs@gmail.com

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.২৯.০০১.১৯-১৮৭/২(২২)

তারিখ-- /১৪২৬ বঙ্গাব্দ
২৭/০৬ /২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) অগ্রগতি প্রতিবেদন আগামী মাসের ১০ তারিখের মধ্যে সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধিদপ্তর(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাঃ/শিক্ষা/শৃঙ্খলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। উপ-পরিচালক (প্রশাঃ/শিক্ষা/অর্থ ও বাজেট/শৃঙ্খলা/প্রশিঃ), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী পরিচালক (প্রশাঃ/শিক্ষা/সমন্বয়/অর্থ ও বাজেট/শৃঙ্খলা/প্রশিঃ), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। নার্সিং অফিসার (সকল)।
৫। প্রশাসনিক কর্মকর্তা(সকল)/হিসাব রক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৬। শাখা ইনচার্জ (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

দপ্তর/সংস্থা(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (স্বাস্থ্য), ----------------------------------বিভাগ, (সকল)।
২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল , (সকল)।
৩। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল, (সকল)।
৪। সিভিল সার্জন, (সকল)।
৫। তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল (সকল)।
৬। সহকারী পরিচালক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল (সকল)।
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।
৮। অধ্যক্ষ, নার্সিং কলেজ (সকল)।
৯। সহকারী পরিচালক (নার্সিং), পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, ---------------- বিভাগ (সকল)।
১০। অধ্যক্ষ/ নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট (সকল)।
১১। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস (সকল)।
১২। সেবা তত্ত্বাবধায়ক/ উপ-সেবা তত্ত্বাবধায়ক, (সকল)।
১৩। কো-অর্ডিনেটর ---(সকল)।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। উপ-পরিচালক, পিএমআইএস শাখা (কার্য বিবরণীর অনুলিপি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৭.০৭.২০২০

শোভা শাহনাজ
(উপ-সচিব)
পরিচালক (প্রশাসন)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd